উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## জুলাই/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ২৮ জুলাই,২০২১ খ্রিঃ |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | Zoom Apps এর মাধ্যমে ভার্চুয়াল সভা। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান এবং অন্যান্য সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে স্বাগত জানান এবং তার উপস্থিতিতে জামালপুর সদর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আজকের সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত জুন/২১ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসার বিভাগওয়ারী আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্ধৃত্ত এবং স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে সর্বমোট ১০২টি প্রকল্পের কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে সমাপ্ত করা হয়েছে।<br>এছাড়া ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত বাবদ মোট ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে। উক্ত স্থানান্তরিত অর্থ দ্বারা ২০২১-২২ অর্থবছরে সদর উপজেলাকে টিকসই উন্নয়নের লক্ষে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নীতিমালা মোতাবেক ইউনিয়নে পাকা বিল্ডিং তৈরি করতে হলে উপজেলা পরিষদ থেকে লে-আউট প্ল্যানের অনুমোদন নিতে হবে। ইতোমধ্যে বিভিন্ন ইউনিয়ন থেকে ০৭ জন ব্যক্তি প্ল্যান অনুমোদনের জন্য নকশা ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেছেন। কাগজপত্র পর্যালোচনার প্রেক্ষিতে ০৫ জন ব্যক্তির কাগজপত্র সঠিক পাওয়া গেছে বিধায় উক্ত ব্যক্তিদের নকশা অনুমোদন দেওয়া যেতে পারে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ক) ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ও মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে মোট ১০২টি প্রকল্পের কাজ গুণগত মান ঠিক রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হওয়ায় সবাইকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। এছাড়া ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব উদ্ধৃত্তের ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করে কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) স্থানীয় সরকার মন্ত্রণালয়নের নীতিমালা ও নির্দেশনা অনুসরণ করে নকশা ও অন্যান্য কাগজপত্র যাচাই বাছায়ান্তে লে-আউট প্ল্যানের অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| **২। স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, ২৭ জুলাই ২০২১ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় মোট করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ২,২৭২ জন। ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা ২,০৫০ জন। বর্তমানে আইসোলেশনে আছে | (ক) বিস্তারিত আলোচনান্তে সরকারের নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>ও সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| ১৮৫ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৩ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত হয়েছে ১৫ জন এবং গত ২৪ ঘন্টায় সুস্থ রোগীর সংখ্যা ২২ জন। এছাড়া ২৮ জুলাই ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণ করেছেন ৪১,০৪৭ জন এবং ২য় ডোজের টিকা গ্রহণ করেছেন ১২,৭৮৫ জন। | | |
| ৩। কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রোপা আমনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মোট ৩০,৩০৭ হেঃ। ইতোমধ্যে ৬৫% বীজতলা আবাদ হয়েছে। খরিফ-২/২০২১-২২ অর্থবছরে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক ১৮০০ জন কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সারের বরাদ্দ পাওয়া গেছে। একজন চাষী ১ বিঘা জমির জন্য রোপাআমন হাইব্রিড জাতের বীজ ০২ কেজি, ২০ কেজি ডি.এপি ও ১ কেজি এম.ও.পি সার এবং রোপা আমন (উপশী) জাতের বীজ ৫ কেজি, ১০ কেজি ডি.এপি ও ১০ কেজি এম.ও.পি সারের প্রণোদনা সহায়তা প্রদান করা হয়েছে। উক্ত প্রণোদনা সঠিক ভাবে কৃষকের কাছে পৌছানোর জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন। | বোরো আবাদসহ বিভিন্ন রবি শস্যের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার লক্ষ্যে নিবিড় পর্যবেক্ষণসহ কৃষকদের বিভিন্ন সমস্যা মাঠ পর্যায়ে তদারকি করা ও কৃষি সংক্রান্ত বিভিন্ন সেবা কৃষকদের মাঝে পৌছে দেওয়া সহ সরকার কতৃক বিভিন্ন সময়ে কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা সঠিক ভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগ:<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, মৎস্য হ্যাচারি, মৎস্য খাদ্য দোকান এবং মৎস্য নার্সারীর মালিকগণ কোভিড মহামারীতে যেন তাদের উৎপাদিত রেণু, পোনা উৎপাদন, বিক্রয় ও মৎস্য খাদ্য দোকান মালিকগণ যেন বিক্রয় করতে পারে সেজন্য সহায়তা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ভ্রাম্যমান মাছ বিক্রয় অব্যাহত রাখা, বাজার মনিটরিং, চাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। কোভিড মহামারীতে মাছ উৎপাদন অব্যাহত রাখার জন্য চাষীকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও বন্যা ও কোভিড মহামারীতে চাষীর করণীয় বিষয়ে লিফলেট বিতরণ করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন, পবিত্র ঈদুল আযহা/২১ উপলক্ষ্যে জামালপুর সদর উপজেলায় জবাইকৃত গবাদিপশু (গরু/ষাড়/বলদ/মহিষ/ছাগল/ভেড়া) সংখ্যা সর্বমোট ৮,৫৬৩ টি। এছাড়া মহামারি কোভিড-১৯ পরিস্থিতিতেও স্বাস্থ্যবিধি অনুসরনপূর্বক অফিস খোলা রেখে বিভাগীয় ও সম্প্রসারণমূলক কার্যক্রম সহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | প্রাণী সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ২৭ জুলাই/২১ মাসে প্রসব পূর্ববর্তী সেবা গ্রহণ করেছে মোট ৫৭৪ জন। প্রসব পরবর্তী সেবা গ্রহণ করেছে মোট ৩৭২ জন। জন্ম নিয়ন্ত্রণপদ্ধতি গ্রহণ করেছে মোট ১৬ জন মহিলা। পুরুষদের মধ্যে কেউ জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেনি। জন্ম নিয়ন্ত্রণের স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে মোট ১৮ জন মহিলা। এছাড়া মা ও | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহিতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক বাচ্চা প্রসব হয়েছে- ৩০ টি এবং সিজারিয়ান হয়েছে- ০৮ টি এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হয়েছে -২৬ টি । | | |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, করোনা কালীন সময়ে কর্মহীন, গরীব, দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে খাবার সরবরাহের জন্য (৩৩৩ থেকে প্রাপ্ত কলের মাধ্যমে) মোট ১৯,৯৫,৯০০ (উনিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত) টাকার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থের বিপরীতে চাল, ডাল, তৈল, আলু ইত্যাদি মালামাল বিতরণের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ৩৩৩ ফোন কলের মাধ্যমে খাবার বিতরণের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, কোভিড-১৯ এর কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাশ চলমান রয়েছে। এছাড়া স্থানীয় টিভি চ্যানেলের মাধ্যমে ক্লাশ সম্প্রচার করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক অনলাইনে ক্লাশ চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীদের ভ্যাকসিন গ্রহণ নিশ্চিত করতে হবে। এছাড়াও অনলাইন শিক্ষা কার্যক্রম মনিটরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |
| ৯। শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, করোনা কালীন সময়ে বিদ্যালয়ের পাঠদান বন্ধ থাকায় ১০টি ক্লাস্টার পৃথক পৃথক ভাবে প্রতিদিন প্রত্যেক শ্রেণীতে গুগুলমিট এ্যপস ব্যবহার করে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পাঠদান করা হচ্ছে। তবে অভিভাকদের স্মার্ট ফোন না থাকায় ক্লাসে কম সংখ্যক ছাত্র ছাত্রী সংযুক্ত হচ্ছে। ছাত্রছাত্রীদের অনলাইন পাঠদানে সংযুক্ত থাকার সুবিধার্থে স্মার্টফোন ব্যবহারে উৎসাহিত করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | কোভিড কালীন সময়ে অনলাইনে ক্লাশ চালু রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগ:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, জুলাই/২১ মাসের ভিজিডি কর্মসূচির চালের সরকারি অর্ডার ছাড়া হয়েছে। গর্ভবর্তী মহিলাদের টাকা বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।এছাড়া কোভিড-১৯ চলাকালীন ও লকডাউনের কারণে বিভিন্ন উঠান বৈঠক কার্যক্রম বন্ধ আছে। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক তার দপ্তরের অন্যান্য সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে পালন করাসহ জনসাধারণের সেবার মান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হবে। | উপজেলা মহিলা বিয়য়ক কর্মকর্তা, সদর। |
| ১১। সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, জামালপুর সদর উপজেলায় সকল বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির জন্য জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের নিমিত্তে ব্যাপক প্রচার প্রচারনা চালিয়ে মোবাইল ব্যাংকিং সার্ভিস "নগদ" হিসাব খোলা হয়েছিল। একাউন্ট সংক্রান্ত বিভিন্ন সমস্যা রয়েছে যেগুলো অধিকতর গুরুত্বের সাথে অফিসে সমাধান করা হচ্ছে। ভাতা প্রদান সংক্রান্ত অনলাইন কার্যক্রমে ইউপি চেয়াম্যানগণের বিভিন্ন অভিযোগ রয়েছে। যেগুলো জরুরী ভিত্তিতে সমাধানের চেষ্টা করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভিন্ন ভাতা প্রদান সংক্রান্ত ইউপি চেয়ারম্যানগণের বিভিন্ন অভিযোগ গুরুত্বের সাথে বিবেচনায় এনে জরুরী ভিত্তিতে এবং অল্প সময়ের মধ্যেই তা সমাধানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>খ) উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি।<br>গ) ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটি। |

| | | |
|---|---|---|
| এছাড়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, ইউপি চেয়ারম্যান মেষ্টা, ইটাইল, তুলশীরচর, ঘোড়াধাপ, দিগপাইত, তিতপল্লা সভায় জানান যে, সমাজসেবা বিভাগের আওতায় বিভিন্ন ভাতা ভোগীদের নগদ একাউন্টের মাধ্যমে টাকা প্রদান কর্মসূচীতে প্রত্যেক ইউনিয়নে অনেক উপকার ভোগীদের একাউন্টে টাকা পোস্টিং হয়নি মর্মে অভিযোগ উঠেছে। স্ব-স্ব ইউনিয়নের ভাতা ভোগীদের সঠিক তালিকা এবং যাদের একাউন্টে টাকা যায়নি বা এখন একাউন্ট খুলতে পারেনি তাদের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট সরবরাহের জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে সমাজসেবা বিভাগের আওতায় বিভিন্ন ভাতাভোগীদের সঠিক তালিকা এবং এখনো হিসাব খোলা হয়নি বা টাকা একাউন্টে পোস্টিং হয়নি বা একজনের টাকা আরেকজনের হিসাবে ট্রান্সফার হয়েছে তার তালিকা ইউপি চেয়ারম্যানদের নিকট প্রেরণ সহ আগামী দশ কার্যদিবসের মধ্যে সমাজসেবা অফিসারকে উক্ত সমস্যা সমাধান করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **১২। যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে বর্তমানে ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৭,০০,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ৩,৫০,০০০ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪৫০ জন এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩৫০ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে অফিসের কার্যক্রম চলছে। এই উপজেলায় উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২২০ জন সদস্যদের মাঝে ১,২০,০০০ টাকা করে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৩৮,০০,০০০ (তিন কোটি আটত্রিশ লক্ষ) টাকা। জুলাই/২১ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,২১,০০,৯৭৯ ( এক কোটি একুশ লক্ষ নয়শত উনআশি) টাকা। ঋণ আদায়ের হার ৮৫%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৭,৫৩,০০০ (সাতষট্টি লক্ষ তিপ্পান্ন হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৭৮,৭৭,২৪০ (আটাত্তর লক্ষ সাতাত্তুর হাজার দুইশত চল্লিশ) টাকা। চলতি অর্থ বছরে আদায় যোগ্য সরকারি রাজস্ব (অডিট ফি, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ) বাবদ ৪৮,০০০ টাকা আদায় করে চালানের মাধ্যমে জমা করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ চলমান। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন যে, স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে বিআরডিবির সকল কার্যক্রম চলমান আছে। ২০২০-২১ অর্থবছরে ২৩,৭৩,০০০ (তেইশ লক্ষ তিয়াত্তুর হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৩,২৭,০০০ (তের লক্ষ সাতাশ হাজার) টাকা আদায় হয়েছে। এছাড়া পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় শাহবাজপুর ইউনিয়নে ০২টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে এবং আরও ০২টি স্কীম বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | বিআরডিবি বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম এর আওতায় সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |

<table>
<tr>
<td>১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সসিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে যা ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৫টি ওয়াশব্লক নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। এর মধ্যে ১০টির কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর।</td>
</tr>
<tr>
<td>১৬। বন বিভাগ:<br>উপজেলা বন কর্মকর্তা সভায় বলেন যে, চলতি অর্থ বছরে জলবায়ু কল্যাণ ট্রাষ্ট ফান্ডের আওতায় জামালপুর সদর আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয়ের জন্য বরাদ্দকৃত ৫,০০০ টি বিভিন্ন জাতের চারা বরাদ্দ দেওয়া হয়েছে। চারা বিতরণের জন্য বিভাগীয় বন কর্মকর্তা ময়মনসিংহ বন বিভাগ এর জারিকৃত পত্র মাননীয় সংসদ সদস্য মহোদয়কে প্রেরণ করা হয়েছে। তালিকা পাওয়া মাত্র জামালপুর সদর উপজেলা বন বিভাগ থেকে চারা বিতরণ করা হবে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকা মোতাবেক বন বিভাগ থেকে চারা বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা বন কর্মকর্তা, সদর।</td>
</tr>
<tr>
<td>১৭। বিবিধ:<br><u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) পরিষদের জন্য আসবাবপত্র ক্রয়।<br>(৩) অফিস সরঞ্জাম ক্রয়।<br>(৪) মসক নিধন<br>(৫) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত<br>(৬) বিজ্ঞাপন বিল পরিশোধ<br>(৭) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজের টপো সার্ভে ও সয়েল টেষ্টের বিল পরিশোধ।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, আসবাবপত্র ক্রয় ও মেরামত, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত, বিভিন্ন ইউনিয়নে মসক নিধন, উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত, বিজ্ঞাপন বিল পরিশোধ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজের টপো সার্ভে ও সয়েল টেষ্টের বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td><u>(খ) রাজস্ব তহবিল ব্যয় বিবরণী:</u><br>রাজস্ব তহবিলের জুলাই/২১ মাসের ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপজেলা পরিষদের ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব উদ্ধৃত্ত্ব উন্নয়ন তহবিলে স্থানান্তর।</td><td>৩,৩৬,১১,১৮৫</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৩,৩৬,১১,১৮৫</td></tr>
</table>
কথায়: (তিন কোটি ছত্রিশ লক্ষ এগার হাজার একশত পঁচাশি) টাকা মাত্র।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত্ব উন্নয়ন তহবিলে ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগার হাজার একশত পঁচাশি) টাকা স্থানান্তরের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২,জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মো: মোজাফ্ফর হোসেন জামালপুর সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানান। সমাজসেবা বিভাগের আওতায় বিভিন্ন ভাতাভোগীদের সমস্যা দ্রুত সমাধান করার জন্য সমাজসেবা অফিসারকে নির্দেশনা দেন। এছাড়া, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট, পুল, কালভার্ট মেরামতের নির্দেশনা প্রদান করেন। করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক ব্যবহার নিশ্চিকতকরণ, সামাজিক দুরত্ব মেনে চলাসহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার পরামর্শ দেন। পাশাপাশি সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্কতা থাকার পরামর্শ দেন। এছাড়া আজকের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে

অনুরোধ জানান। সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা দেন।

পরিশেষে চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকার তৃতীয় বারের মতো সমগ্র বাংলাদেশে চলাচলে বিধি নিষেধ আরোপ করেছেন। করোনা ভাইরাস প্রতিরোধে সবাইকে মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব কঠোর ভাবে মেনে চলার আহবান জানান এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি যেন অবনতি না হয় সেদিকে আইন প্রয়োগকারী সংস্থাকে সজাগ থাকার অনুরোধ জানান। এছাড়া সমাজসেবা বিভাগের ভাতা সংক্রান্ত যেকোন সমস্যা আগামী দশ কার্যদিবসের মধ্যে সমাধান ও ইউপি চেয়ারম্যানগণকে ভাতা ভোগীদের তালিকা সরবরাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করেন। এছাড়া, সভাপতি আজকের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর পাশাপাশি হাসপাতালসমূহে সাধারণ রোগীর চিকিৎসা সেবা নিশ্চিত করতে স্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানান। অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

A.Hassain

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২১- ৭১২ (ক) | তারিখ: ২৯ জুলাই, ২০২১ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৭। উপজেলা.............................................................................................অফিসার, জামালপুর সদর।
৮। চেয়ারম্যান ........................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
৯। ......................................................................................................জামালপুর সদর, জামালপুর।
১০। অফিস কপি।

২৯/০৭/'২১

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd